

যুগান্তর

প্রিন্ট: ০৭ এপ্রিল ২০২৬, ১২:১৬ পিএম

শিক্ষাঙ্গন

শিক্ষকদের উৎসব ভাতা নিয়ে নতুন বার্তা শিক্ষামন্ত্রীর

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ০৬ এপ্রিল ২০২৬, ০৪:৩৯ পিএম





শিক্ষামন্ত্রী শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন। ফাইল ছবি

শিক্ষামন্ত্রী শিক্ষা ও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন শিক্ষকদের উৎসব ভাতা নিয়ে নতুন তথ্য দিয়েছেন।

সোমবার (৬ এপ্রিল) এসএসসি ও সমমান পরীক্ষা উপলক্ষে ময়মনসিংহ শিক্ষাবোর্ড এবং ময়মনসিংহ অঞ্চলের মাদ্রাসা ও কারিগরি শিক্ষাবোর্ডের কেন্দ্রসচিবদের সঙ্গে মতবিনিময় সভায় উপস্থিত হয়ে তিনি ভাতা বাড়ানোর বিষয়ে জানান।

শিক্ষামন্ত্রী বলেন, প্রায় ১৭ বছর ধরে শিক্ষকদের উৎসব ভাতা বাড়ানো হয়নি। তবে চলতি বছরে ভাতা ১০ শতাংশ বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ঈদুল আজহার সময় এটি বাস্তবায়ন হতে পারে।

সরকারের পক্ষ থেকে বিষয়টি বাস্তবায়নের জন্য চেষ্টা চলছে বলেও জানান তিনি।

পরিদর্শন শেষে গণমাধ্যমকে তিনি এমনটা জানান।

